Total No. of Printed Pages—7

**HS/XII/A/b/25**

**2025**

# ELECTIVE BENGALI

*Full Marks* : 100

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

*General Instructions* :

(i) Write all the answers in the Answer Script.

(ii) Attempt Part—A (Objective Questions) serially.

(iii) Attempt all parts of a question together at one place.

( PART : A—OBJECTIVE )

( *Marks* : 50 )

SECTION—I

( *Marks* : 25 )

১। বন্ধনী থেকে সঠিক শব্দ বেছে নিয়ে শূন্যস্থান পূর্ণ কর (যে-কোন **পাঁচটি**) : ১×৫=৫

(ক) ‘‘_____ কয় নব পরিচয়
কালিয়া বঁধূর সনে॥’’
( চণ্ডীদাস / গোবিন্দদাস / বিদ্যাপতি )

(খ) ‘‘কনক-আসনে বসে দশানন _____।’’
( রাজা / বলী / বীর )

(গ) ‘‘ছিন্ন হৈল _____ শূন্য হৈল শিবগেহ।’’
( মস্তক / দেহ / হস্ত )

(ঘ) ‘‘ভারতবর্ষে পাঠানেরা _____ বৎসর রাজত্ব করেছিলেন।’’
( ৩৭২ / ৪৭২ / ৫৭২ )

(ঙ) ‘‘সকল অলঙ্কারের শ্রেষ্ঠ অলঙ্কার _____।’’
( সরলতা / দুরূহতা / কুটিলতা )

(চ) ‘‘শ্রীরাম-লক্ষ্মণ আর জনকের _____।’’
( কন্যা / মেয়ে / বালা )

(ছ) ‘‘পৃথিবীর কতকগুলি প্রথম শ্রেণীর কাব্য, কেবল _____ মাত্র।’’
( অনুকরণ / অনুসরণ / নকল )

(জ) ‘‘কুকথায় পঞ্চমুখ কণ্ঠভরা _____।’’
( বিষ / মধু / সুধা )

২। সত্য *অথবা* মিথ্যা নির্ণয় করে উত্তর-পত্রে লেখ (যে-কোন **দশটি**) : ১×১০=১০

(ক) ‘পূর্বরাগ’ পদটি ‘বৈষ্ণবপদাবলী’র অন্তর্গত।

(খ) ‘শ্রীক্ষেত্র’ একটি নাটক।

(গ) ‘চর্যাপদ’ গ্রন্থটির রচয়িতা হরপ্রসাদ শাস্ত্রী।

(ঘ) সুরমা উদয়াদিত্যের বোন।

(ঙ) ধনপতি সদাগরের উপাখ্যান দেবী চণ্ডীর আদেশে সমাজে প্রচলিত হয়।

(চ) ‘দশাননের বিলাপ’ একটি চতুর্দশপদী কবিতা।

(ছ) ‘ভালবাসার অত্যাচার’ গল্পটি রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা।

(জ) ‘‘বাঙ্গালার ঐশ্বর্য্য দিল্লীর পথে গিয়াছে ; সে পথে বাঙ্গালার ধন ইরান তুরান পর্য্যন্ত গিয়াছে।’’ এই লাইনটি ‘বাঙ্গালার ইতিহাস’ প্রবন্ধের অন্তর্গত।

(ঝ) জ্ঞানদাস ও গোবিন্দদাস ‘বৈষ্ণবপদাবলী’ সাহিত্যের কবি।

(ঞ) ‘পাদুকা গ্রহণ’ কবিতায় ‘মহাভারত’-এর একটি কাহিনী বর্ণিত হয়েছে।

(ট) ‘প্রায়শ্চিত্ত’ নাটকখানি রবীন্দ্রনাথ ঠাকুরের ‘বউ-ঠাকুরানীর হাট’ উপন্যাসের নাট্যরূপ।

(ঠ) মুকুন্দরাম চক্রবর্তী ‘মনসামঙ্গল’ কাব্য রচনা করেন।

(ড) উদয়াদিত্য যশোহরের যুবরাজ।

৩। বন্ধনী থেকে সঠিক শব্দটি বেছে নিয়ে উত্তর লেখ (যে-কোন **দশটি**) : ১×১০=১০

(ক) ‘শ্রীকৃষ্ণকীর্তন’ গ্রন্থটি কোন্ অঞ্চলে পাওয়া গিয়েছিল?
( বাঁকুড়া / বীরভূম / নেপাল )

(খ) ‘কালকেতু-ফুল্লরা’ কাহিনী কোন্ ‘মঙ্গলকাব্য’-এর অন্তর্গত?
( ‘ধর্মমঙ্গল’ / ‘চণ্ডীমঙ্গল’ / ‘মনসামঙ্গল’ )

(গ) ভারতচন্দ্র রায় কার আদেশে ‘অন্নদামঙ্গল’ কাব্য রচনা করেন?
( রাজা কৃষ্ণচন্দ্রের / রাজা রামকৃষ্ণের / রাজা হরিশচন্দ্রের )

(ঘ) দৌলত কাজী কোন্ শতাব্দীর কবি ছিলেন ?

( পঞ্চদশ / ষষ্ঠদশ / সপ্তদশ )

(ঙ) 'শূন্যপুরাণ' কে রচনা করেন ?

( শ্যাম পণ্ডিত / রামাই পণ্ডিত / রাম পণ্ডিত )

(চ) রায়গড়ের রাজার প্রতি মহারাজা প্রাণদণ্ডের আদেশ করেছেন। রায়গড়ের রাজা কে ?

( প্রতাপাদিত্য / রামমোহন / বসন্তরায় )

(ছ) সুরমার সঙ্গে প্রতাপাদিত্যের সম্পর্ক কী ?

( ভ্রাতৃবধূ / পৌত্রবধূ / পুত্রবধূ )

(জ) মালাধর বসু কোন্ গ্রামবাসী ছিলেন ?

( কুলীন গ্রাম / নদীয়া গ্রাম / ফুলিয়া গ্রাম )

(ঝ) 'সতীশূন্য কৈলাস' কবিতাটির রচয়িতার নাম লেখ।

( হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় / নবীনচন্দ্র বন্দ্যোপাধ্যায় / দুলালচন্দ্র বন্দ্যোপাধ্যায় )

(ঞ) 'বিবিধ প্রবন্ধ' কার রচিত ?

( বিবেকানন্দ / রবীন্দ্রনাথ / বঙ্কিমচন্দ্র )

(ট) ধানসিঁড়ি নদী কোন্ কবিতার অন্তর্গত ?

( 'পূর্বরাগ' / 'আবার আসিব ফিরে' / 'শ্রীক্ষেত্র' )

(ঠ) 'তুমি কি তাদের ক্ষমা করিয়াছ, তুমি কি বেসেছ ভালো ?'

এখানে 'তুমি' বলতে কাকে বোঝানো হয়েছে ?

( ভগবান / কবি / রবীন্দ্রনাথ )

(ড) 'দশাননের বিলাপ' অংশটি কোন্ মূল গ্রন্থ থেকে নেওয়া হয়েছে ?

( 'মেঘনাদবধ কাব্য' / 'প্রায়শ্চিত্ত' / 'মহাভারত' )

## SECTION—II

( *Marks* : 25 )

৪। যে-কোন **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৫=২৫

(ক) ''হৃদয়-বৃন্তে ফুটে যে কুসুম,
তাহারে ছিঁড়িলে কাল, বিকল হৃদয়
ডোবে শোক-সাগরে, মৃণাল যথা জলে,
যবে কুবলয় ধন লয় কেহ হরি।''

উক্তিটি কার? উক্তিকারকের মনোভাব তোমার নিজের ভাষায় বর্ণনা কর। ১+৪=৫

(খ) 'পাদুকা গ্রহণ' কাব্যাংশ অনুসরণে ভরত চরিত্রের বৈশিষ্ট্য পরিস্ফুট কর। ৫

(গ) ''কাহারও অনুকরণ করিও না।'' কোন্ রচনার অংশ? লেখকের নাম লেখ। অনুকরণ করার ত্রুটিগুলি লেখ। ১+১+৩=৫

(ঘ) 'প্রায়শ্চিত্ত' নাটকানুসারে পরস্পরের সম্পর্ক নির্ণয় কর : ৫

(১) প্রতাপাদিত্য এবং বিভা
(২) প্রতাপাদিত্য এবং উদয়াদিত্য
(৩) সুরমা এবং উদয়াদিত্য
(৪) প্রতাপাদিত্য এবং বসন্তরায়
(৫) বিভা এবং রামচন্দ্র

(ঙ) ''রাজার ঘরে উত্তরাধিকারীই জন্মায়, পুত্র জন্মায় না।'' উক্তিটি কার? কাকে এই কথাগুলো বলেছেন? উক্তিটির তাৎপর্য বুঝিয়ে দাও। ১+১+৩=৫

(চ) 'মঙ্গলকাব্য' কাকে বলে? 'চণ্ডীমঙ্গল' কাব্যের উপাখ্যানগুলির নাম লেখ। 'চণ্ডীমঙ্গল' কাব্যের কয়েকজন কবির নাম এবং তাদের কাব্যের নাম লেখ। ১+২+২=৫

(ছ) 'আবার আসিব ফিরে' কবিতাটিতে কবি কী কী বেশে এবং কোথায় ফিরে আসতে চান তার পরিচয় দাও। ৫

## ( PART : B—DESCRIPTIVE )

( *Marks* : 50 )

৫। যে-কোন **একটি** অংশের ব্যাখ্যা কর : ৮

(ক) ‘‘সই কেবা শুনাইল শ্যাম নাম।
কানের ভিতর দিয়া মরমে পশিল গো
আকুল করিল মোর প্রাণ॥’’

(খ) ‘‘প্রণমিয়া পাটনী কহিছে জোড় হাতে
আমার সন্তান যেন থাকে দুধে ভাতে॥’’

(গ) ‘‘মিথ্যা অনুযোগ কেন কর বিমাতায়।
বনে আসিলাম আমি পিতার আজ্ঞায়॥’’

৬। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) সকল অলঙ্কারের শ্রেষ্ঠ অলঙ্কার কী? ‘বাঙ্গালার নব্য লেখকদিগের প্রতি নিবেদন’ প্রবন্ধ অবলম্বনে বিষয়টি বিশ্লেষণ কর।

(খ) ‘ভালবাসার অত্যাচার’ প্রবন্ধটির বক্তব্য তোমার নিজের ভাষায় লেখ।

(গ) ‘‘বাঙ্গালীরা এলিয়াখণ্ডের মধ্যে এথিনীয় জাতিসদৃশ।’’ ‘বাঙ্গালার ইতিহাস’ প্রবন্ধ অবলম্বনে উক্তিটির যথার্থতা বিচার কর।

৭। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) ‘অন্নদার আত্মপরিচয় ও ভবানন্দ ভবনে গমন’ কবিতায় অন্নদা দ্ব্যর্থবোধক ভাষায় যে আত্মপরিচয় দিয়েছেন তা তোমার নিজের ভাষায় বিবৃত কর। ১০

(খ) ‘সতীশূন্য কৈলাস’ কবিতাটির বিষয়বস্তু আলোচনা কর। ১০

(গ) ''তোমার পাদুকা যদি থাকে মম ঘরে।
ত্রিভুবনে আমার কে কি করিতে পারে॥''

এখানে 'আমার' বলতে কাকে বলা হয়েছে? তিনি কোন্ প্রসঙ্গে এই উক্তি করেছেন? 'তোমার পাদুকা' অর্থাৎ কার পাদুকার কথা এখানে বলা হয়েছে? চরিত্রটি বিশ্লেষণ কর। ১+২+১+৬=১০

৮। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'প্রায়শ্চিত্ত' নাটকের নামকরণের সার্থকতা বিচার কর।

(খ) বিভা *অথবা* সুরমা যে কোনো একজনের চরিত্র বিশ্লেষণ কর।

(গ) 'প্রায়শ্চিত্ত' নাটকের নায়ক কে? যুক্তিসহ আলোচনা কর।

(ঘ) ''ধনঞ্জয় বৈরাগী চরিত্রটি কি রক্ত-মাংসে গড়া বাস্তব মানুষ, না কি কবি-মানস-সৃষ্ট একটি ভাবমূর্তি।'' চরিত্রটি বিশ্লেষণ করে উক্তিটির যৌক্তিকতা প্রতিপন্ন কর।

৯। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ১২

(ক) অনুবাদ-সাহিত্য কাকে বলে? বাংলা 'রামায়ণ'-এর সর্বশ্রেষ্ঠ অনুবাদক কে? তাঁর সম্পর্কে যা জান লেখ। ২+২+৮=১২

(খ) 'শাক্ত পদাবলী'র শ্রেষ্ঠ পদকর্তা কে? তিনি কোন্ শতাব্দীর পদকর্তা? 'শাক্ত পদাবলী' কয়টি ধারায় বিভক্ত এবং কী কী? এগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও। ২+২+৮=১২

(গ) 'চৈতন্যভাগবত' কার রচনা? এই গ্রন্থ এবং গ্রন্থকার সম্পর্কে সংক্ষিপ্ত পরিচয় দাও। ২+১০=১২

(ঘ) যে-কোন **দুটি** বিষয় অবলম্বন করে টীকা লেখ : ৬+৬=১২

'গীতগোবিন্দ' ; মুকুন্দরাম চক্রবর্তী ; 'ধর্মমঙ্গল' কাব্য ; ভারতচন্দ্র ; মৈমনসিংহ গীতিকা।

★★★